
GEORGE R.R.
MARTIN
অনুবাদঃ শোভন
A GAME OF
THRONES
DYNAMITE ENTERTAINMENT • ISSUE #5

# A GAME OF THRONES

BOOK ONE OF A SONG OF ICE AND FIRE

Based on the novel by
**GEORGE R.R. MARTIN**

Adapted by
**DANIEL ABRAHAM**

Art by
**TOMMY PATTERSON**

Letters by
**MARSHALL DILLON**

Colors by
**IVAN NUNES**

Cover by
**MIKE S. MILLER**

Series Editors:
**ANNE GROELL**
**TRICIA PASTERNAK**

Iron Throne image by TOM HALLMAN

DYNAMITE® ENTERTAINMENT

NICK BARRUCCI • PRESIDENT
JUAN COLLADO • CHIEF OPERATING OFFICER
JOSEPH RYBANDT • EDITOR
JOSH JOHNSON • CREATIVE DIRECTOR
RICH YOUNG • DIRECTOR BUSINESS DEVELOPMENT
JASON ULLMEYER • SENIOR DESIGNER
JOSH GREEN • TRAFFIC COORDINATOR
CHRIS CANIANO • PRODUCTION ASSISTANT

FOR MORE ON *A GAME OF THRONES*, VISIT:
WWW.DYNAMITE.NET AND BANTAM-DELL.ATRANDOM.COM

GEORGE R.R. MARTIN'S A GAME OF THRONES, Volume 1, Issue #5. First printing. Published by Dynamite Entertainment, 155 Ninth Avenue, Suite B, Runnemede, NJ 08078. Copyright © 2012 by George R.R. Martin. Adapted from his novel A GAME OF THRONES, copyright © 1996. Dynamite, Dynamite Entertainment and the Dynamite Entertainment colophon are ® and © 2012 DFI. All rights reserved. Dynamite, Dynamite Entertainment & The Dynamite Entertainment logo ® 2012 DFI. All names, characters, events, and locales in this publication are entirely fictional. Any resemblance to actual persons (living or dead), events or places, without satiric intent, is coincidental. No portion of this book may be reproduced by any means (digital or print) without the written permission of Dynamite Entertainment except for review purposes. **Printed in Canada**

For information regarding press, media rights, foreign rights, licensing, promotions, and advertising e-mail: marketing@dynamite.net


মাত্র দুই বছরের ব্যবধানে জন্ম নেয়া দুই বোন কিভাবে এত আলাদা হতে পারে সেটা কখনোই সান্সার মাথায় ঢোকেনি।
সুন্দর কোন পোশাক পরে নাও। আজ আমরা রাজকুমারী মির্সেলা'র সঙ্গে রাণীর চাকাযুক্ত বাড়িতে ভ্রমণ করবো।
না। আমি আর মাইকাহ্ নদীর ধারে রুবি'র খোঁজে যাচ্ছি।
রুবি? কিসের রুবি?
রেইগারের রুবি। ওখানেই রাজা রবার্ট তাঁকে হত্যা করে মুকুট জয় করেছিলেন।
তুমি এখন ওখানে যেতে পারবে না। রাজকুমারী অপেক্ষা করছেন আমাদের জন্য।
রাণী আমাদের দু'জনকেই আমন্ত্রণ জানিয়েছেন।
আমার কি? আমি রাণীকে পছন্দ করিনা।
উনি নাইমেরিয়াকে আমার সঙ্গে আসতে দেবেনা। তাছাড়া ওই ঘরটাতে কোন জানালাও নেই।


কি দেখতে যাবে তুমি? এখানে মাঠ আর ক্ষেতখামার ছাড়া তো আর কিছুই নেই।
ভুল।
আমাদের সঙ্গে কখনো এলে বুঝতে।
ঘোড়ায় চড়ে সারা শরীরে কাদামাটি আর যন্ত্রণা ভোগ করা আমার পছন্দ না।
তাছাড়া বাবা তোমাকে সীমানার বাইরে যেতে বারণ করেছেন।
সান্সা না হেসে থাকতে পারলো না। তাঁদের কুকুরের প্রশিক্ষক একবার বলেছিলেন, পোষা প্রাণী তাঁর মালিকের মতোই হয়।
ফিরে আয় বলছি।
বজ্জাত নেকড়ে!
তুমি যাই বলো না কেন, আমি যাচ্ছি।
তাহলে আমি একাই যাচ্ছি। আমি আর লেডি মিলে মজাদার লেবুর কেক খাবো, আর তোমাকে ছাড়াই অনেক মজা করবো।
ওরা লেডিকেও নিতে দেবেনা।


হে লর্ডবৃন্দ, আপনাদের পরিষদ আমাদের সম্মানিত করেছে।
কি হচ্ছে এখানে?
পরিষদের পক্ষ থেকে ঘোড়সওয়ার পাঠানো হয়েছে সম্মানসূচক প্রহরী হিসেবে।
রাজা শিকারে গিয়েছেন, কিন্তু আমি জানি ফিরে এসে আপনাদের দেখে উনি খুশি হবেন।
গ্রর...
গ্ররর...
জীবনের সবচেয়ে ভয়ংকর আতংক হঠাৎ সান্‌সা স্টার্ককে গ্রাস করলো।
এই মেয়ে, তুমি কাঁপছ।
আমি কি তোমাকে এতটাই ভয় পাইয়ে দিয়েছি?


একটা নেকড়ে।
শিবিরের মধ্যে এই অতিকায় নেকড়ে কি করছে?
গ্রর...
তখনই রাজকুমার জফ্রির আগমন।
ওকে বিরক্ত করোনা। সবার তলোয়ার সরিয়ে নাও।
আর এই কুকুর, এখান থেকে যাও। তুমি আমার বাগদত্তাকে ভয় পাইয়ে দিচ্ছো।
ও না রাজকুমার, আরেকজনকে দেখে।
পেইন?
স্যার ইলিনকে দেখে মাঝেমাঝে আমিও ভড়কে যাই। তাঁর চেহারাটাই ভয়ানক।
রাজ-জল্লাদকে দেখে যদি কেউ ভয় না পায়, তাহলে সে পদে ভুল লোককে রাখা হয়েছে।
তাহলে আপনারা সঠিক ব্যক্তিকেই নিয়োগ দিয়েছেন, মহামান্য রাণী।


ভালো বলেছ মা... এডার্ড স্টার্ক এর সুযোগ্য কন্যা তুমি।
আমি স্যার ব্যারিস্টান সেল্মি।
রাজরক্ষীদের দলপতি।
এই উত্তরের শিল্পীরাও "সাহসী ব্যারিস্টান" এর গুণকীর্তন করে।
তুমি কি "বুড়ো ব্যারিস্টান" বলতে চাইছিলে?
এবার বলো আমি কে? বলতে পারলে ধরে নেবো তুমি আসলেই রাজার ব্যক্তিগত সহযোগীর কন্যা।
হরিণ হচ্ছে রাজ পরিবারের চিহ্ন, আর রাজার মাত্র দুই ভাই রয়েছে।
বয়স অনুমান করে মনে হচ্ছে আপনি হলেন রেন্‌লি ব্যারাথিওন, স্টর্মস্ এন্ড এর লর্ড ও রাজার উপদেষ্টা।
আপনি অপমানিত হয়ে থাকলে আমি দুঃখিত, স্যার ইলিন।


আমি কি ভুল কিছু বললাম? সে আমার সঙ্গে কথা বললো না কেন?
চৌদ্দ বছর আগে এইরিস টারগ্যারিয়ান গরম সাঁড়াশি দিয়ে ওর জিহ্বা টেনে ছিঁড়েছিল।
যদিও তলোয়ারের ভাষায় কথা বলতে তাঁর জুড়ি নেই।
সানসা, দুঃখের সঙ্গে জানাচ্ছি যে মির্সেলার সঙ্গে আজ তোমার সময় কাটানো হবেনা। জফ্রি? তুমিই বরং আমাদের মেহমানকে সময় দাও।
অবশ্যই, মা।
আমরা ঘোড়ায় চড়ে ঘুরতে পারি...
ওহ, আমি ঘোড়ায় চড়তে খুব পছন্দ করি।
...কিন্তু তোমার নেকড়েটা ঘোড়াদের ভয় পাইয়ে দেবে।
আমি লেডিকে বেঁধে রাখতে পারি।
নেকড়েটার কোন দরকার ই নেই। আমিই তোমাকে রক্ষা করতে পারবো, শুধু এটা সাথে থাকলেই হবে।
আমি এর নাম রেখেছি সিংহের দাঁত।


দিনটা চমৎকার ছিল। উষ্ণ বাতাসে ভাসছিল ফুলের সুবাস। জফ্রি এত ক্ষিপ্রতার সাথে ঘোড়া চালনা করছিল যে ওর সঙ্গে সান্সার তাল মেলাতে কষ্ট হচ্ছিলো।
তাঁরা বন ও নদীতীরে ঘুরে বেড়ালো এবং একটা ছায়াবিড়ালকে এর বাসা পর্যন্ত অনুসরণ করলো।
ক্ষুধা পেলে তাঁরা ধোঁয়া উড়তে দেখে একটা ঘর খুঁজে পেলো। সেখানে গিয়ে তাঁরা নিজেদের পরিচয় দিয়ে খাবার ও ওয়াইন চাইলো।
সে বললো, আমার বাগদত্তা তাঁর ইচ্ছামতো পান করবে।
আমাদের ফিরে যাওয়া উচিৎ না?
যাবো। যুদ্ধের ময়দানটা সামনেই, যেখানে বাবা রেইগার টারগ্যারিয়ানকে হত্যা করেছিল।
বাবা তাঁর বুকের হাড়গোড় ভেঙে দিয়েছিলেন বর্ম থাকার পরেও। পরে জেইমি মামা বুড়ো এইরিসকে হত্যা করে, আর...
টুক্ টাক্ টুক্ টাক্ টুক্ টাক্
শব্দটা কিসের?


টাক্
আরইয়া?
এখানে কি করছো তুমি? বাড়ি যাও।
আর এই ছেলে, কে তুই?
আমি মাইকাহ্। কসাই এর ছেলে।
প্রভু।
তলোয়ার তোল কসাইয়ের বাচ্চা। নাকি তুই শুধু বাচ্চা মেয়েদের সাথে লড়িস?
থামো!


আমি
ওকে ব্যাথা দেবো
না...
...খুব একটা।
আরইয়া!
না!
তোমরা দুইজনেই
বাড়াবাড়ি করছো,
থামো।


আআআহ!
ওকে সরাও, সরাও ওকে!
ও তোমাকে ব্যাথা দেয়নি... খুব একটা।
আহারে, আমার রাজকুমার। আমি ওই বাড়িটাতে গিয়ে সাহায্য নিয়ে আসছি।
যাও তবে।
ধরবে না আমাকে!


আপনার আদেশ অনুযায়ী কিংস্ ল্যান্ডিং এসে গিয়েছি, মহামান্য লেডি। আর কোন জাহাজ এত দ্রুত ও বাধাহীনভাবে এখানে আসতে পারতো না। আপনার মালামাল দুর্গে পৌঁছে দিতে কোন সহায়তা লাগবে?
আমরা দুর্গে যাচ্ছি না, তবে আপনি চাইলে আমাদেরকে একটা পান্থশালার খোঁজ দিতে পারেন। তবে, সেটা পরিষ্কার ও নদীর তীরবর্তী হতে হবে।
যথা আজ্ঞা, মহামান্য লেডি।


আমি নিজেকে তেমন একজন বীর মনে করিনা, তবে জাহাজের দুলুনি যে আমাকে এতটা অসুস্থ বোধ করাবে, তা ভাবতে পারিনি।
আমরা এখানে নিরাপদে পৌঁছাতে পেরেছি। সেটাই বড় কথা।
আমাদেরকে এখন রাজ অস্ত্র প্রশিক্ষকের কাছে যেতে হবে। আশা তাঁকে বিশ্বাস করা যায়।
স্যার অ্যারন স্যান্টাগার একজন অপদার্থ ব্যক্তি, কিন্তু সে সৎ। কিন্তু... রাজসভায় আরও অনেকে আছেন যারা আপনাকে দেখেই চিনে ফেলবে।
লর্ড পিটার বেইলিশ তাঁদের একজন। যাকে সবাই লিটলফিঙ্গার বলে ডাকে।
সে আমার বাবার অধীনে বড় হয়েছে। তাছাড়া... আমার প্রতি তাঁর টান একজন ভাইয়ের চেয়েও বেশি।
“যখন বললাম, আমি ব্র্যান্ডন স্টার্ককে বিয়ে করতে যাচ্ছি। পিটার তখন আমাকে পেতে ব্র্যান্ডনকে চ্যালেঞ্জ করে বসলো। ওর বয়স তখন পনেরো। আর ব্র্যান্ডনের কুড়ি।”
সে এখন মূল ছোট পরিষদের সদস্য। দুর্গে যাওয়া আপনার উচিৎ হবেনা।
আপনি বিশ্রাম নিন, আমি স্যার অ্যারনকেই এখানে নিয়ে আসছি।


দীর্ঘ ও ক্লান্তিকর নৌভ্রমণে সে ছিল ভীষণ ক্লান্ত। সে এখন আর আগের সেই তরুণীটি নেই।
তিনি জানালা দিয়ে স্যার রড্রিককে চলে যেতে দেখলেন, এরপর ঘুমিয়ে গেলেন।
ধুম্ ধুম্ ধুম্
আমরা রাজার লোক। দরজা খুলুন।
এর কোন প্রয়োজন পড়বে না, মহামান্য লেডি। আমরা আপনাকে দুর্গে নিতে যেতে এসেছি।
কার নির্দেশে?
পিটার।


ক্যাট।
আমাকে এভাবে এখানে আনার কারণ কি?
তোমার সাথে ওরা খারাপ আচরণ করেনি তো? আমি তো ওদেরকে ভালো ব্যবহার করতে বলেছি। কিন্তু...
আমি এভাবে একজন কাজের মেয়ের মতো আচরণ পেয়ে অভ্যস্ত নই।
আমি তোমাকে রাগিয়ে তুলেছি, প্রিয় লেডি। এটা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।
আমার শহরে আসার খবর তুমি কিভাবে পেলে, ওই রাজ মাকড়সাটার থেকে?
আমি তাঁকে এ নামে ডাকবো না, তবে হ্যাঁ। লর্ড ভ্যারিস সব জানেন। শুধুমাত্র... তোমার এখানে আসার কারণ বাদে।
কেন এসেছ এখানে?
স্বামীর প্রতি একজন স্ত্রীর টান থাকতেই পারে, আর কন্যার জন্য মায়ের।
তা ঠিক বলেছ, কিন্তু আমাকে এটা বিশ্বাস করতে বলো না। আমি তোমাকে ভালোভাবেই চিনি।


টালি বংশের স্লোগান কি যেন?
পরিবার, কর্তব্য, সম্মান।
তাহলে তোমার এখন উইন্টারফেলেই থাকার কথা।
কিছু একটা হয়েছে। আমাকে সাহায্য করতে দাও।
লেডি স্টার্ক।
এতদিন পর আপনাকে দেখে খুব ভালো লাগলো। কিন্তু আপনার হাত। আঙুল খুবই দুর্বল একটা অঙ্গ...
ধন্যবাদ লর্ড ভ্যারিস। পণ্ডিত লুউইন এই ক্ষত বেঁধে দিয়েছেন।
আমি আপনার ছেলের খবর শুনে শোকাহত হয়েছি। এত ছোট বাচ্চার উপর দেবতারা এত নিষ্ঠুর কিভাবে হয়!
তাঁরা নিষ্ঠুরই। লর্ড বেইলিশ বললো আমাকে এখানে আনার জন্য আপনাকে ধন্যবাদ দিতে।
ওহ, হ্যাঁ। আমিই সেই পাপী, মহামান্য লেডি। আমাকে ক্ষমা করবেন। তাহলে...
এবার আমাদেরকে ওই ছুরিটা দেখান।


স্যার রড্রিকের কি করেছেন আপনারা?
আমার তো নিজেকে ঢাল তলোয়ার ছাড়া যোদ্ধার মতো মনে হচ্ছে।
কিসের ছুরির কথা হচ্ছে এখানে? আর স্যার রড্রিকই বা কে?
স্যার রড্রিক ক্যাসেল হচ্ছেন উইন্টারফেলের প্রধান অস্ত্র প্রশিক্ষক। তিনি স্যার অ্যারনকে কোন এক ছুরি সম্পর্কে কথা বলতে ডেকেছেন।
আমার ছোট্ট পাখিদের ভাষ্যমতে তাঁরা এখন ওই ছোট খুপরিতে লেডি স্টার্ক এর ফেরার অপেক্ষায় রয়েছেন।
তাহলে আপনার ছোট্ট পাখিরা এই ছুরিটার মালিক সম্পর্কেও তথ্য দিতে পারবে হয়তো।


সাবধান।
এটা ধারালো।
ভ্যালিরিয়ান ইস্পাত ছাড়া এমন ধার আর নির্মাণশৈলী আর কারো থাকতে পারেনা।
কিংস্ ল্যান্ডিং এ এরকম মাত্র একটি ছুরিই রয়েছে।
এটা আমার।
তোমার?
অন্তত রাজকুমার জফ্রির নামকরণের সময়কার প্রতিযোগিতার আগ পর্যন্ত ছিল।
ওখানে আমি স্যার জেইমির পক্ষে বাজি ধরেছিলাম। কিন্তু, স্যার লোরাস টাইরেল তাঁকে ঘোড়াচ্যুত করার পর আমরা অনেকেই নিজেদের মূল্যবান জিনিস হারাই।
স্যার জেইমি একশো স্বর্ণমুদ্রা, রাণী একটি পান্নার হার আর আমি হারাই এই ছুরিটি।
রাণীকে তাঁর হার ফেরত দিলেও বিজয়ী বাকি জিনিসগুলো নিয়ে নেয়।
কে?
অপয়া সন্তান।
টিরিয়ন ল্যানিস্টার।


ওরা আরইয়াকে খুঁজে পেয়েছে, মহামান্য লর্ড।
আমাদের লোকেরা, নাকি ল্যানিস্টারদের?
আমাদের লোকেরা, মহামান্য লর্ড। কিন্তু ফটকের মুখে ল্যানিস্টারের লোকেরা ছিল। রাণীর জোরাজুরিতে...
ওই মহিলাটা!
আরইয়া নিখোঁজ হবার প্রথম তিনদিন এডার্ড নিজে দলবল নিয়ে ওর খোঁজ করেছেন। এই তিনদিন সে ঘুমায়নি বললেই চলে।
সান্‌সাকে নিয়ে এসো। ওর সাক্ষ্যের দরকার পড়তে পারে।
রাজা ও তাঁর লোকেরা স্যার রেইমুন ড্যারির আতিথেয়তা গ্রহণ করলেন, যিনি ত্রিশূলের যুদ্ধে রেইগারের হয়ে যুদ্ধ করেছিলেন।
রাজার লোক, ড্যারির লোক, ল্যানিস্টার আর স্টার্করা মিলে ছোট্ট এই দুর্গে একটা টানটান উত্তেজনার সৃষ্টি হলো।


আরইয়া!
আমি দুঃখিত। আমি দুঃখিত...
আমি জানি। তোমার কোথাও লাগেনি তো?
না, কিন্তু ক্ষুধা পেয়েছে।
এসবের মানে কি? আমার মেয়েকে খুঁজে পাওয়ার খবর আমাকে জানানো হয়নি কেন?
রাজার সামনে এভাবে কথা বলার দুঃসাহস আপনাকে কে দিয়েছে?
এই মহিলা, চুপ করো।


আমি দুঃখিত, নেড। কিন্তু ব্যাপারটার ফয়সালা জলদি হয়ে যাওয়া উচিৎ।
কোন ব্যাপারের?
আপনার মেয়ে আর ওর কসাইয়ের ছেলে বন্ধুটা আমার ছেলের উপর হামলা করেছে। তাঁরা লাঠি দিয়ে ওকে মেরেছে ও সে তাঁর নেকড়ে ওর উপর লেলিয়ে দিয়েছে।
না, এমন কিছুই হয়নি।
হয়েছে! ওরা আমাকে আক্রমণ করেছে আর আমার সিংহের দাঁত নদীতে ফেলে দিয়েছে।
মিথ্যাবাদী!
চুপ!
যথেষ্ট!
শুধু ওরাই ওখানে উপস্থিত ছিল না। সান্সা, এখানে এসে ওই ঘটনা খুলে বলো।


আমি... আমি জানিনা। সবকিছু এত দ্রুত ঘটেছে যে, আমি কিছুই দেখিনি।
মিথ্যাবাদী!
মিথ্যুক কোথাকার!
মেয়েটা ওর জন্তুর মতোই বন্য। আর জফ্রি ওর দাগটা সারাজীবন বয়ে বেড়াবে।
আমি এই মেয়ের শাস্তি চাই।
বাচ্চারা ঝগড়াঝাঁটি করবেই। এখন সেটা মিটে গিয়েছে। কারো গুরুতর ক্ষতি হয়নি।
নেড, তোমার মেয়ের আচরণ নিয়ন্ত্রণ করো। আমিও আমার ছেলের প্রতি নজর রাখবো।
আর ওই নেকড়েটার কি হবে, যে তোমার ছেলেকে কামড়েছে?
ওর কোন হদিস পাওয়া যায়নি।
আমি যে রাজাকে বিয়ে করেছি, সূর্যাস্তের আগেই আমার বিছানার পাশে একটা নেকড়ের চামড়া এনে রাখার ক্ষমতা তাঁর রয়েছে।
নেকড়েটা ছাড়াই সেটা করা গেলে তো ভালোই হতো।
কিন্তু, নেকড়ে তো একটা আছেই।



ঠিক আছে, স্যার ইলিনকে এর দায়িত্ব দাও।
রবার্ট, তুমি মন থেকে এটা বলছ না।
অতিকায় নেকড়েরা হিংস্র জন্তু, নেডা ওকে একটা কুকুরছানা এনে দাও, ও খুশি হবে।
উনি লেডির কথা বলেনি, তাইনা? লেডি একটা ভদ্র মেয়ে, ও কাউকেই কামড়ায়নি।
প্লিজ রবার্ট, আমার কথা চিন্তা করে, আমার বোনের প্রতি তোমার ভালোবাসার কথা ভেবে...
উফ, সার্সেই।
অন্তত নিজে বিচারটা কার্যকর করো।
স্যার ইলিনকে ডেকে পাঠাও।
না।
জোরি, মেয়েদেরকে ওদের ঘরে নিয়ে যাও, আর আমার জন্য বরফ নিয়ে এসো।


চারজন লোককে এর লাশ নিয়ে উত্তরে পাঠাও। উইন্টারফেলে এর কবর দিতে বলো।
এত দূরে?
এত দূরে, কারণ ওই ল্যানিস্টার মহিলাকে ওর চামড়া নিতে দেবোনা আমি।


আপনার মেয়ের কোন খোঁজ পাইনি, রাজ সহকারী। কিন্তু দিনটা একেবারে বৃথা যায়নি।
ওর ছোট্টবন্ধুটিকে ঠিকই ধরেছি।
তুমি ওর উপর দিয়ে ঘোড়া চালিয়ে দিয়েছো?
ও পালাচ্ছিল।
যদিও খুব দ্রুত ছুটতে পারেনা।


মনে হচ্ছিলো সে অনন্তকাল ধরে পড়ছে। একটা কণ্ঠ তাঁর কানে ফিসফিস করে কথা বলছিল।
ওড়ো।
কিন্তু ব্র্যান জানতো না কিভাবে উড়তে হয়, তাই সে পড়তেই থাকতো।
কিন্তু মাটি এতই দূরে ছিল যে সে ওই পর্যন্ত পৌঁছাতেই পারতো না। স্বপ্নের মধ্যেও সে অসীম সময় ধরে পড়তো না। মাটিতে আঘাত করার ঠিক আগমুহূর্তে তাঁর ঘুম ভেঙে যেত।
আর যদি না ওড়ো...
চিৎকার করোনা। ওড়ো।
আমি উড়তে পারিনা।
কিভাবে জানলে, কখনো চেষ্টা করেছো?


তুমি কি আসলেই একটা কাক?
তুমি কি আসলেই পড়ে যাচ্ছো?
এটা একটা স্বপ্ন মাত্র।
তাই কি?
মাটিতে পড়ার সময় আমি জেগে উঠবো।
তুমি মারা যাবে, ওড়ো। দেখো, আমি উড়ছি।
তোমার ডানা আছে।
ডানার বিভিন্ন ধরণ আছে।
ভালোবাসার জন্য কত কি যে করতে হয়।
না! ওটা না। ওটা ভুলে যাও।
কি করছো তুমি?
তোমাকে উড়তে শেখাচ্ছি। নিচে তাকিয়ে দেখো, তুমি উড়ছো।
নিচে তাকাও!


ও ইগলের চোখে উইন্টারফেল দেখতে পেলো।
সে রবকে দেখতে পেলো, আগের চেয়ে লম্বা ও শক্তিশালী লাগছে তাঁকে।
বিশালদেহী হোডোরকেও দেখতে পেলো ও। মিকেনের কামারশালার দিকে একটা নেহাই কাঁধে করে নিয়ে যাচ্ছে সে।
সে পূর্বদিকে তাকালো, দেখলো একটা জাহাজ সমুদ্রের পানি কেটে ছুটে চলেছে। তাঁর মা একটা টেবিলের কোণে একা বসে আছে, তাঁর সামনে একটা রক্তের ছোপ লাগা ছুরি।
সামনে একটা ঝড় উঠছিলো, কিন্তু তাঁদের কেউই এটা দেখতে পায়নি।
ও দক্ষিণে তাকালো, দেখলো ওর বাবা রাজার সামনে সবিনয় আবেদন করছে।
ও সান্সাকে দেখলো কাঁদতে কাঁদতে ঘুমিয়ে যেতে, আরইয়াকে দেখলো মনের মধ্যে কিছু কথা গোপন রাখতে।
সবশেষে ও উত্তরে তাকালো, দেখলো উত্তরের দেয়ালটা নীল স্ফটিকের মতো চকচক করছে। ওর জারজ ভাই জন ঠাণ্ডা বিছানায় একা ঘুমাচ্ছে। তাঁর চামড়া ফ্যাকাসে হয়ে উঠেছে।
এরপর দেয়াল ছাড়িয়ে সে দেখতে চাইলো।
তাঁর দৃষ্টি বরফে ঢাকা বন পার হয়ে গেল।
উত্তরের সীমায়, যেখানে আলোর শেষ রশ্মিটি পৌঁছায় সেখানে সে দেখতে চাইলো।
এরপর সেই সীমা ছাড়িয়ে দেখলো।
ও একেবারে শীতের বুক চিড়ে দেখতে লাগলো।


আআহ্...
এবার বুঝলে কেন তোমাকে বাঁচতে হবে।
কারণ শীত আসছে।
"একজন ভীত মানুষ কি কখনো সাহসী হতে পারে?"
"কেবল ভীত হলেই মানুষ সাহসী হয়ে ওঠে।"
এখন তোমার ইচ্ছা। ওড়ো কিংবা মরে যাও।
আমি উড়ছি!
দেখছি আমি।
কি করছো তুমি?
ঠোঁট দিয়ে কাকটা ওর কপালের ঠিক মাঝখানে আঘাত করলো। হঠাৎ একটা তীক্ষ্ণ ব্যথা অনুভূত করলো ও।


ও
জেগে উঠেছে! ও জেগে উঠেছে! ও জেগে উঠেছে...
ব্র্যান?...
সামার (গ্রীষ্ম), ওর নাম সামার।
চলবে...